

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রস্তুত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

ক) ট্র্যাজিডি সংজ্ঞা লেখো।

খ) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা লেখো।

গ) দুটি সামাজিক নাটক ও নাট্যরচয়িতার নাম করো।

ঘ) প্রহসনধর্মী নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঙ) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা দাও।

চ) কমেডিধর্মী চারটি নাটকের (বাংলায়) নাম করো।

ছ) 'সধবার একাদশী' নাটকের ২টি নারী চরিত্রের নাম করো।

জ) একাঙ্ক নাটকের সংজ্ঞা দাও।

ঝ) লেবেডেফ প্রতিষ্ঠিত বেঙ্গলী থিয়েটারের উদ্বোধন ঘটে কোন্ নাটকের মধ্যে দিয়ে? এটি মূল কোন্ নাটকের অনুবাদ?

ঞ) জোড়াসাঁকো নাট্যশালার প্রতিষ্ঠাতার নাম করো। এই নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম লেখো।

ট) বাগবাজার অ্যামেচার থিয়েটারে অভিনীত নাট্যকারের নামসহ দুটি নাটকের নাম করো।

ঠ) “ও আজ যেখানে বসেছে সেখানে তোমাদের তলোয়ার পৌঁছয় না” — কোন্ নাটকে কার উক্তি?

ড) ‘সুকতলার জোরে’ — কোন নাটকে কথাটি ব্যবহৃত হয়েছে? কথাটির অর্থ লেখো।

ঢ) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত একটি গানের প্রথম দুটি লাইন লেখো।

ণ) ‘কেবল গৌরচন্দ্রিকা ভেজেছে’ — বক্তা কে? কী প্রসঙ্গে বলা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) টীকা লেখ : সামাজিক নাটক, নবীন বসুর থিয়েটার।

খ) বাংলা সাহিত্যে একটি সার্থক ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।

গ) ‘সধবার একাদশী’ নাটকে কুমুদিনী চরিত্রটি আলোচনা করো।

ঘ) “হা রে রে রে / আমায় ছে রে দে রে দে রে/ যেমন ছাড়া বনের পাখি/ মনের আনন্দে রে” — কোন্ নাটকে কে গেয়েছে? লাইনগুলির অর্থ নিজের ভাষায় লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) 'সধবার একাদশী' নাটকের সমাজচিত্র বিষয়ে আলোচনা করো।
 - খ) 'অচলায়তন' নাটকের দাদাঠাকুর চরিত্র সম্পর্কে আলোচনা করো।
 - গ) ন্যাশনাল থিয়েটারের প্রথম পর্ব বুঝিয়ে দাও।
 - ঘ) পৌরাণিক নাটকের সংজ্ঞা, বৈশিষ্ট্য, উদাহরণ দাও। পৌরাণিক নাটকের সঙ্গে সামাজিক নাটকের পার্থক্য আলোচনা করো।
-